# ২০২০
# বাংলা
(অনার্স)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
প্রথম সেমেস্টার
প্রথম পত্র : BNGH-CC-T-1
(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*
*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'লুই ভণই গুরু পুচ্ছিঅ জান।'
— কবি কে? 'পুচ্ছিঅ' শব্দের অর্থ বলো।

খ) 'কীর্তিলতা' ও 'ভূ-পরিক্রমা'-র রচয়িতা কে? 'কীর্তিলতা'-য় কোন্ রাজার কাহিনী বলা হয়েছে?

গ) 'শ্রীপাট দেনুড়'-র পরিচয় দাও। এটি কোথায় অবস্থিত?

ঘ) 'প্রেমের পরমসার মহাভাব আনি
সেই মহাভাবরূপা রাধাঠাকুরানী'।
— কোন্ কাব্যের অংশ? কবি কে?



ঙ) 'তেরশ পচানই শকে গ্রন্থ আরম্ভন
চতুর্দশ দুই শকে হৈলা সমাপন'।
— কার লেখা কোন্ গ্রন্থে রয়েছে? এই শ্লোক অনুযায়ী কাব্যটির গ্রন্থ রচনার আনুমানিক সূচক বলো।

চ) 'নানা মঙ্গল নাটগীত হিমালয়ের ঘরে'।
— কোথায় রয়েছে? মঙ্গল নাটগীত কি?

ছ) 'আদি সভা-বন-বিরাটের কতদূর......'
— কোন্ রচনার অংশ? কোন্ শতাব্দীতে কে এই কাব্য রচনা করেন?

জ) 'ফজর সময়ে উঠি বিছায়ে লোহিত পাটি
পাঁচ বেরি করয়ে সমাজ'।
— কার লেখা কোন্ কাব্যের অংশ? এই কাব্যের দুজন খল চরিত্রের নাম বলো।

ঝ) 'ঢেকুরপালা' কোন্ মঙ্গল কাব্যে আছে?
রাধাই পণ্ডিতের ভণিতাযুক্ত পুঁথিটির নাম কি?

ঞ) জোলেখা কোন্ কাব্যের চরিত্র? কবির পরিচয় দাও।

ট) 'যাহা পই অরুণ চরণে চলি যত'
— কোন্ ভাষায় লেখা? কোন্ যুগের বাংলা ভাষার দৃষ্টান্ত?

ঠ) অর্ধবিবৃত স্বরধ্বনি কি? উদাহরণ দাও।

ড) 'ব্যস্ত হয়ো না। কাউকে অনুসরণ করতে যেওনা।'
আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যান্তর করো।

ঢ) 'এই কুটিল লিপি হইতে বাংলা লিপির উদ্ভব'

-এটি কার মন্তব্য? কোন্ সময়ে এই লিপির উদ্ভব ঘটে?

ণ) 'গৌড়ীয় অপভ্রংশ' থেকে বাংলা ভাষার জন্ম — এটি কার অভিমত? প্রাচীন ভারতীয় আর্যভাষার আঞ্চলিক রূপগুলি কি কি?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) চর্যাপদের কাব্যমূল্য বিচার করো।

খ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থটির গুরুত্ব কতটা সে বিষয়ে তোমার মতামত দাও।

গ) বাংলা সাহিত্যের ইতিহাসে শাহ মহম্মদ সপির-র গুরুত্ব নিরূপণ করো।

ঘ) বিদ্যাপতি ও চণ্ডীদাসের তুলনামূলক আলোচনা করো।

ঙ) সংস্কৃত ভাষাকে বাংলা ভাষার জননী বলা যায় কিনা সে বিষয়ে তোমার মতামত দাও।

চ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) কৃত্তিবাসের রামায়ণ নিছক অনুবাদ সাহিত্য কিনা আলোচনা করো। এই সূত্রে তাঁর রাময়ণের মৌলিক দিকগুলো দেখাও।

খ) ধর্মঠাকুরের স্বরূপ নির্দেশ করে ধর্মমঙ্গল কাব্যধারার একজন শ্রেষ্ঠ কবির কবি কৃতিত্ব আলোচনা করো।



গ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা বলতে কি বোঝায়? উদাহরণসহ এই বর্ণমালা লিপ্যন্তরের নিয়মগুলি আলোচনা করো।

ঘ) সাম্প্রতিককালের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

**Internal Examination**

**2021**

1st Semester

Sub - Bengali Hons

**Paper – CC 1**

Total Marks - 15

১) চর্যাপদ কে, কোন দেশ থেকে আবিষ্কার করেন ? ১

**অথবা**

আর্যভাষাকে কয়টি ভাগে বিভক্ত করা যায় ? সেগুলি উল্লেখ করো । ১

২) আদি মধ্যবাংলার উৎকৃষ্টতম সাহিত্য গ্রন্হটির নাম লেখো। এর রচনাকার, আবিষ্কারকের নাম উল্লেখ করো । ২

**অথবা**

ভাব প্রকাশের মূল মাধ্যম কোনটি ? মধ্যযুগের অন্ত্যপর্বে বাংলাসাহিত্যের বৈষ্ণব পদাবলী সাহিত্য কোন কোন ভাষায় রচিত হয়েছিল ? ২

৩) চণ্ডীদাসের ভাবশিষ্য কাকে বলা হয় ? তিনি কোন পর্যায়ের শ্রেষ্ঠ পদকাররূপে স্বীকৃত ? ২

**অথবা**

মঙ্গলকাব্যের প্রধান তিনটি শাখার নাম লেখো। চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে ? ২

৪) বাংলা ভাষায় রচিত চৈতন্য জীবন-নির্ভর গ্রন্হগুলির নাম লেখো। এইসব গ্রন্থে সমকালীন সমাজের চিত্র কতখানি প্রতিফলিত ? ১০

**অথবা**

প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করো। ১০

----------

২০২০

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

দ্বিতীয় পত্র : BNGH-CC-T-2

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-২য় ভাগ)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) উইলিয়াম কেরী ও রামরাম বসু-র একটি করে গ্রন্থের নাম লেখো।

খ) 'আলালের ঘরের দুলাল' ও 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থদ্বয়ের রচনাকারের নাম লেখো।

গ) 'সবুজপত্র' পত্রিকা কার সম্পাদনায়, কত সালে প্রকাশিত হয়?

ঘ) 'বৃত্রসংহার' কার রচনা? কত সালে প্রকাশিত হয়?

ঙ) 'সাধের আসন' ও 'প্রান্তিক' কার রচনা?

চ) 'মেবার পতন' ও 'মুক্তধারা' নাটক দুটি কার রচিত, কোন্ জাতীয় নাটক?

*[পরের পাতায়]*

ছ) মধুসূদন দত্তের দুটি প্রহসনের নাম লেখো।

জ) বিভূতিভূষন বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাস রচনাকাল সহ লেখো।

ঝ) 'জলসাঘর' ও 'হারাণের নাতজামাই' গল্প দুটির রচনাকারের নাম লেখো।

ঞ) 'শেষের কবিতা' কার লেখা? কী জাতীয় রচনা?

ট) 'দ্য গ্রামার অব দ্য বেঙ্গলী ল্যাঙ্গুয়েজ' গ্রন্থটি কার রচনা? এটি কত সালে প্রকাশিত হয়?

ঠ) স্বরভক্তি ও বর্ণবিপর্যয়ের একটি করে উদাহরণ দাও।

ড) শব্দার্থের অবনতি উদাহরণ সহ বুঝিয়ে দাও।

ঢ) কামরূপী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত?

ণ) শ্রী>ছিরি, অম্ল>অম্বল কি জাতীয় ধ্বনি পরিবর্তন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'সংবাদ প্রভাকর' ও 'বঙ্গদর্শন' এর গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

খ) বাংলা কাব্যজগতে কামিনী রায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

গ) রামমোহন রায়ের গদ্যচর্চার বিশিষ্টতা সম্পর্কে সংক্ষেপে লেখো।

ঘ) সামাজিক উপন্যাস রচনায় শরৎচন্দ্রের কৃতিত্ব বিষয়ে সংক্ষেপে আলোকপাত করো।

ঙ) রাঢ়ী ও বঙ্গালী উপভাষার তুলনা করো।

চ) উদাহরণ সহ সংজ্ঞা দাও - অপিনিহিতি, অন্ত্য স্বরাগম।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আধুনিক বাংলা কাব্যধারায় জীবনানন্দ দাশের কৃতিত্ব আলোচনা করো।

খ) বাংলা পৌরাণিক নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

গ) বাংলা ভাষার শব্দভাণ্ডার নিয়ে আলোচনা করো।

ঘ) বাংলা ছোটগল্পধারায় রাজশেখর বসুর বিশিষ্টতা আলোচনা করো।

# Internal Examination

**2021**

1st Semester

Sub - Bengali Hons

**Paper – CC 2**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) "বিষাদ সিন্ধু" কার লেখা ? এটি কত সালে লেখা হয় ?

খ) নদিয়া ও মালদহ জেলা কোন্ উপভাষা এলাকার অন্তর্গত ?

গ) "অর্কেষ্ট্রা" কাব্যগ্রন্থটি কার লেখা এবং কত সালে ?

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) তৎসম শব্দ কাকে বলে, উদাহরণসহ উল্লেখ কর।

খ) অন্ততঃ পাঁচটি বাক্যে নীলদর্পন নাটকের পরিচয় দাও।

গ) স্বরসঙ্গতি ও সমীভবনের মিল ও অমিল কোথায় ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) বাংলা গদ্যচর্চার ইতিহাসে রামমোহন ও বিদ্যাসাগরের তুলনা - মূলক আলোচনা কর।

খ) বঙ্গালী উপভাষার এলাকা উল্লেখ করে এর বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

গ) কবি শঙ্খ ঘোষের কাব্যপ্রতিভা বিশ্লেষণ কর।

-----------

২০২০

# বাংলা

অনার্স

(জেনেরিক ইলেকটিভ্ কোর্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGH-GE-T-1

(বাংলা সাহিত্যের ইতিহাস, ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কয়টি খণ্ডে রচিত? শেষ খণ্ডের নাম কি?

খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত?

গ) কবি কৃত্তিবাস কোথায় জন্মগ্রহণ করেন? কোন্ কবি তাকে 'এ বঙ্গের অলংকার' বলেছেন?

ঘ) চর্যাপদের পুঁথি কে আবিষ্কার করেন? তিনি সেটি কি নামে প্রকাশ করেছিলেন?

*[পরের পাতায়]*

ঙ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে আখ্যান কয়টি? সেগুলির নাম লেখো।

চ) 'কণ্টক গাড়ি কমলসম পদতল' কোন পর্যায়ের পদ? পদকর্তা কে?

ছ) 'এক দিঠ করি ময়ুর ময়ুরী / কণ্ঠ করে নিরীক্ষণে'

— কার কথা বলা হয়েছে? 'দিঠ' শব্দের অর্থ কি?

জ) 'ধর্মমঙ্গল' কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থটি কোন্ কবির রচনা? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

ঝ) সাধক কবি কমলাকান্তের পৈতৃক নিবাস কোথায়? তিনি কী জাতীয় গান রচনা করে বিখ্যাত হয়ে আছেন?

ঞ) 'আমার শপতি লাগে' পদটিতে কে কাকে শপথ করাচ্ছেন?

ট) 'অক্ষরবৃত্ত' ছন্দ আর কি কি নামে পরিচিত?

ঠ) 'শ্লেষ' অলংকার কয়প্রকার ও কি কি?

ড) বাংলা ভাষায় শ্রেষ্ঠ মহাভারত অনুবাদকের নাম কি? তিনি কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

ঢ) গৌড়ীয় বৈষ্ণব ধর্মের পঞ্চরসের নাম লেখো।

ণ) যমক অলংকারের সংজ্ঞা লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) যে কোনো দু'টি অলংকারের সম্বন্ধে আলোচনা করো :

অনুপ্রাস, উৎপ্রেক্ষা, শ্লেষ।

খ) ছন্দোলিপি প্রণয়ন করো :

বাঁকানো চাঁদের সাদা ফালি

তুমি বুঝি খুব ভালবাসতে?

চাঁদের শতক আজ নহে তো

এ যুগের চাঁদ হল কাস্তে।

গ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের কয়েকটি বৈশিষ্ট্য লেখো।

ঘ) টীকা লেখো (যে-কোনো দুটি) :

চৈতন্য ভাগবত, কাশীরাম দাস, রামপ্রসাদ সেন।

ঙ) 'গৌরচন্দ্রিকা কাকে বলে? সব গৌরাঙ্গবিষয়ক পদ গৌরচন্দ্রিকা নয় কেন?

চ) 'ভাবসম্মিলন' কাকে বলে? তোমার পাঠ্য এই পর্যায়ের পদটির কাব্যসৌন্দর্য আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চর্যাপদাবলীতে সামাজিক জীবনের যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো।

খ) পূর্বরাগ কাকে বলে? তোমার পঠিত পূর্বরাগের পদটি আলোচনা করে সেটির আধ্যাত্মিক তাৎপর্য বিচার করো।

গ) বাংলা ভাষায় রচিত শ্রেষ্ঠ চৈতন্য জীবনী কাব্য কোন্‌টি? সেই কাব্যটির বৈশিষ্ট্য আলোচনা করো।

ঘ) অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

---

# Internal Examination

**2021**

1st Semester

Sub - Bengali Generic

**Paper – CC 1**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) চর্যাপদের ভাষাকে সন্ধ্যা ভাষা বলা কতখানি যুক্তিযুক্ত আলোচনা কর।

খ) "সব গৌরচন্দ্রিকাই গৌরাঙ্গ বিষয়ক পদ কিন্তু সব গৌরাঙ্গ বিষয়ক পদই গৌরচন্দ্রিকা নয়" - আলোচনা কর।

**২) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) "মিশ্রকলাবৃত্ত" ছন্দ কাকে বলে ও এই ছন্দের মাত্রাগননা পদ্ধতি সম্পর্কে লেখ।

খ) "বক্রোক্তি" অলঙ্কারের সংজ্ঞা ও উদাহরণ লেখ।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) "স্বেদ মকরন্দ/বিন্দু বিন্দু চুয়ত/বিকশিত ভাব কদম্ব।"- উদ্ধৃতির অর্থ নিজের ভাষায় লেখ।

খ) "গাগরি বারি/ঢারি করি পিছল/চলতহি অঙ্গুলি চাপি।" - পর্যায় এবং পদকর্তা উল্লেখ করে অর্থ পরিস্ফুট কর।

**৪) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) "কু কথায় পঞ্চমুখ কণ্ঠ ভরা বিষ/কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।"-এটি কোন অলঙ্কার?

খ) "গৌরচন্দ্রিকা" ও "অভিসার" পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম লেখ।

-------------

# ২০২০
# বাংলা
## (প্রোগ্রাম)
### প্রথম সেমেস্টার
### কোর্স কোড : BNGP-CC-T-1
### (বাংলা সাহিত্যের ইতিহাস : ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{1}{2}$ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) চর্যাপদ কে কত সালে আবিষ্কার করেন?

খ) বাংলা ভাষার প্রথম চৈতন্য জীবনী কে রচনা করেন? কাব্যটির নাম কি?

গ) কৃত্তিবাসী রামায়ণে তাঁর জন্ম পরিচয়সূচক চরণ দুটি উল্লেখ করো।

ঘ) কবি বিজয়গুপ্ত কোন্ জেলার মানুষ? তাঁর মনসামঙ্গল কাব্যের নাম কি?

ঙ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

চ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গলের অপর দুটি খণ্ডের নাম কি?

*[পরের পাতায়]*

ছ) ঘনরাম চক্রবর্তী কোন্ সময়ের কবি? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন?

জ) 'মাত্রাবৃত্ত' ছন্দের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঝ) 'অক্ষরবৃত্ত' ছন্দ আর কি কি নামে পরিচিত?

ঞ) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা লেখো।

ট) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে' - কোন্ অলংকার?

ঠ) বক্রোক্তি অলংকার কয় ভাগে বিভক্ত ও কি কি?

ড) 'আমার শপতি লাগে' - কোন্ পর্যায়ের পদ? পদকারের নাম লেখো।

ঢ) স্বরবৃত্ত ছন্দে পূর্ণ পর্ব কত মাত্রার হয়? এই ছন্দের লয় কি?

ণ) 'মাধব বহুত মিনতি করি তোর' - কোন্ পর্যায়ের পদ? পদকার কে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ছন্দোলিপি প্রণয়ণ করো :

'কেশে আমার পাক ধরেছে বটে
তাহার পানে নজর এত কেন
পাড়ার যত ছেলে এবং বুড়ো
সবার আমি এক বয়সি জেনো।'

খ) যে-কোনো **দুটি** অলংকার সম্বন্ধে আলোচনা করো :

যমক, বক্রোক্তি, উপমা

গ) টীকা লেখো (যে-কোনো **দুটি**) :

সাধক কবি কমলাকান্ত, অন্নদামঙ্গল, চর্যাপদ

ঘ) ‘এ সখি হামারি দুখের নাহি ওর’

— কোন্ পর্যায়ের পদ? পদটি সংক্ষেপে আলোচনা করো।

ঙ) মনসামঙ্গলের কবি বিজয়গুপ্তের কবি প্রতিভা আলোচনা করো।

চ) তোমার পাঠ্য গৌরাঙ্গবিষয়ক পদটি কার রচনা? পদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কাব্য বৈশিষ্ট্যের পরিচয় দাও।

খ) ‘স্বরবৃত্ত’ ছন্দের সংজ্ঞা লেখো এবং এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো।

গ) ‘পূর্বরাগ’ বলতে কি বোঝ? তোমার পঠিত পূর্বরাগ পর্যায়ের পদটি আলোচনা করে উত্তর দাও।

ঘ) বাংলা সাহিত্যের ইতিহাসে ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের গুরুত্ব আলোচনা করো।

---

# Internal Examination

**2021**

1st Semester

Sub - Bengali General

**Paper – CC 1**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের কয়টি খন্ড ও কি কি ?

খ) লুপ্তোপমা অলংকার কি ?

গ) পূর্বরাগের সংজ্ঞা লেখ।

ঘ) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী গ্রন্থের নাম ও খন্ড পরিচয় লেখ।

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) অক্ষরবৃত্ত ছন্দের মাত্রাগণনা রীতি উল্লেখ করো।

খ) কাকু বক্রোক্তি অলংকারের সংজ্ঞা ও উদাহরণ দাও।

গ) কৃত্তিবাস ওঝা রচিত অনুবাদ সাহিত্য টির নাম কি ? গ্রন্থটির কয়টি কান্ড ও কি কি ?

ঘ) "নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে" পদটি কার লেখা এবং কোন পর্যায়ের পদ তা লেখ।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) কবিবর রামপ্রসাদ সেনের শাক্ত পদাবলী সাহিত্যে অবদান আলোচনা করো।

খ) "এ সখি হামারি দুখের নাহি ওর" পদটি কার লেখা কোন পর্যায়ের ? এই পর্যায়ের পদে কবির শ্রেষ্টত্ব আলোচনা করো।

-------------

২০২০

# বাংলা

(প্রোগ্রাম)

(আবশ্যিক) AECC(MIL)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGP-AECC(MIL)

( নতুন কোর্স )

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। নিচের রচনাংশটি পড়ে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

চিন্তাশক্তি এবং কল্পনাশক্তি জীবনযাত্রা নির্বাহের পক্ষে দুইটি অত্যাবশ্যক শক্তি, তাহাতে আর সন্দেহ নাই। অর্থাৎ যদি মানুষের মতো মানুষ হইতে হয় তবে ঐ দুটা পদার্থ জীবন হইতে বাদ দিলে চলে না। অতএব বাল্যকাল হইতে চিন্তা ও কল্পনার চর্চা না করিলে কাজের সময় যে তাহাকে হাতে কাছে পাওয়া যাইবে না, এ কথা অতি পুরাতন।

কিন্তু আমাদের বর্তমান শিক্ষায় সে পথ একপ্রকার রুদ্ধ। আমাদিগকে বহুকাল পর্যন্ত শুদ্ধমাত্র ভাষাশিক্ষায় ব্যাপৃত থাকিতে হয়। পূর্বেই

*[পরের পাতায়]*

বলিয়াছি, ইংরেজি এতই বিদেশীয় ভাষা এবং আমাদের শিক্ষকেরা সাধারণত এত অল্পশিক্ষিত যে, ভাষার সঙ্গে সঙ্গে ভাব আমাদের মনে সহজে প্রবেশ করিতে পারে না। এইজন্য ইংরেজি ভাবের সহিত কিয়ৎপরিমাণে পরিচয় লাভ করিতে আমাদিগকে দীর্ঘকাল অপেক্ষা করিতে হয় এবং ততক্ষণ আমাদের চিন্তাশক্তি নিজের উপযুক্ত কোনো কাজ না পাইয়া নিতান্ত নিশ্চেষ্টভাবে থাকে। এন্ট্রেন্স এবং ফার্স্ট আর্টস পর্যন্ত কেবল চলনসই রকমের ইংরেজি শিখিতেই যায়; তার পরেই সহসা বি.এ. ক্লাসে বড়ো বড়ো পুঁথি এবং গুরুতর চিন্তাসাধ্য প্রসঙ্গ আমাদের সম্মুখে ধরিয়া দেওয়া হয় - তখন সেগুলা ভালো করিয়া আয়ত্ত করিবার সময়ও নাই শক্তিও নাই - সবগুলো মিলাইয়া এক-একটা বড়ো বড়ো তাল পাকাইয়া একেবারে এক-এক গ্রাসে গিলিয়া ফেলিতে হয়।

যেমন যেমন পড়িতেছি অমনি সঙ্গে সঙ্গে ভাবিতেছি না, ইহার অর্থ এই যে স্তূপ উঁচা করিতেছি কিন্তু সঙ্গে সঙ্গে নির্মাণ করিতেছি না। ইঁট সুরকি কড়ি বরগা বালি চুন যখন পর্বতপ্রমাণ উচ্চ হইয়া উঠিয়াছে এমন সময় বিশ্ববিদ্যালয় হইতে হুকুম আসিল একটা তেতালার ছাদ প্রস্তুত করো। অমনি আমরা সেই উপকরণ স্তূপের শিখরে চড়িয়া দুই বৎসর ধরিয়া পিটাইয়া তাহার উপরিভাগ কোনোমতে সমতল করিয়া দিলাম, কতকটা ছাদের মতো দেখিতে হইল। কিন্তু ইহাকে কি অট্টালিকা বলে? ইহার মধ্যে বায়ু এবং আলোক প্রবেশ করিবার কি কোনো পথ আছে? ইহার মধ্যে মনুষ্যের চিরজীবনের বাসযোগ্য কি কোনো আশ্রয় আছে? ইহা কি আমাদিগকে বহিঃসংসারের প্রখর উত্তাপ এবং অনাবরণ হইতে রীতিমত রক্ষা করিতে পারে? ইহার মধ্যে কি কোনো একটা শৃঙ্খলা সৌন্দর্য এবং সুষমা দেখিতে পাওয়া যায়?

মাল-মসলা যাহা জড়ো হইতেছে তাহা প্রচুর তাহার আর সন্দেহ নাই, মানসিক অট্টালিকা নির্মাণের উপযুক্ত এত ইঁট-পাটকেল পূর্বে আমাদের আয়ত্তের মধ্যে ছিল না। কিন্তু সংগ্রহ করিতে শিখিলেই যে নির্মাণ করিতে শেখা হইল ধরিয়া লওয়া হয়, সেইটেই একটা মস্ত ভুল। সংগ্রহ এবং নির্মাণ যখন একই সঙ্গে অল্পে অল্পে অগ্রসর হইতে থাকে তখনই কাজটা পাকা রকমের হয়।

ক) প্রাবন্ধিকের মতে জীবন চালনার জন্য দুটি অত্যাবশ্যক শক্তি কী কী?

খ) 'অতি পুরাতন' কথাটি কী?

গ) আমাদের মনে ভাষার সঙ্গে ভাব প্রবেশের বাধা কোথায়?

ঘ) আমাদের চিন্তাশক্তির নিশ্চেষ্টভাবে থাকার কারণ কী?

ঙ) 'এক-এক গ্রাসে গিলিয়া ফেলিতে হয়' — কোন্ প্রসঙ্গে এই মন্তব্য?

চ) 'স্তূপ উঁচা করিতেছি কিন্তু সঙ্গে সঙ্গে নির্মাণ করিতেছি না' — এ কথার তাৎপর্য কী?

ছ) প্রাবন্ধিক কোন্ প্রসঙ্গে অট্টালিকার কথা বলেছেন?

জ) শিক্ষা প্রসঙ্গে সংগ্রহ আর নির্মাণের মধ্যে পার্থক্য কী?

২। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'আমার প্রাণের মাঝে কে আসিবি আয় তোরা।' — কবির কেন এই আহ্বান?

খ) 'কালাপাহাড়' গল্পে বর্ণিত কালাপাহাড় ও কুম্ভকর্ণের চেহারার বর্ণনা দাও।



গ) পরিভাষা লেখো (যে কোনো **পাঁচটি**) :

Act, Bail, Capital, Landscape, Receipt, Schedule caste, Taxable, Vacancy

ঘ) কর্তৃপক্ষের কাছে আবেদনপত্র রচনার জন্য কোন্ কোন্ নিয়মবিধি মানা প্রয়োজন তা সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্প অবলম্বনে খোকাবাবুর প্রত্যাবর্তনের কাহিনিটি নিজের ভাষায় লেখো।

খ) 'শিকল পরার গান' - কবিতাটির মধ্যে কবির দেশাত্মবোধের যে পরিচয় পাওয়া যায় তা বর্ণনা করো।

গ) করোনা নিয়ন্ত্রণে দূরত্ব বিধি না মানা ও মাস্ক ব্যবহার নিয়ে মানুষের উদাসীনতা - এই বিষয়ে উপযুক্ত শিরোনাম সহ একটি প্রতিবেদন রচনা করো।

ঘ) মহাবিদ্যালয় প্রদত্ত তোমার পরিচয়পত্রটি হারিয়ে গেছে, নতুন একটি পরিচয়পত্র পাওয়ার জন্য অধ্যক্ষ মহাশয়ের কাছে একটি আবেদনপত্র লেখো।

# Internal Examination

**2021**

1st Semester

Sub - Bengali General (MIL)

**Paper – AECC 1**

Total Marks - 10

১ X ১০ = ১০

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -**

ক) করোনা পরিস্থিতিতে তোমার এলাকার মানুষের মাস্ক পড়ার অনীহা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

**অথবা**

পত্রিকার বিজ্ঞাপন অনুযায়ী সহকারী হিসাবরক্ষক পদের জন্য আবেদন পত্র রচনা করো।

খ) "নির্ঝরের স্বপ্নভঙ্গ" কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

**অথবা**

"খোকাবাবুর প্রত্যাবর্তন" গল্পের রাইচরণ চরিত্র টি সম্পর্কে আলোচনা করো।